উপজেলা পরিষদ
হাতীবান্ধা, লালমনিরহাট।

| | | |
|---|---|---|
| বিষয় | : | **হাতীবান্ধা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী।** |
| মাসের নাম | : | জুলাই, ২০২২ |
| সভাপতি | : | মোছাঃ জেসমিন নাহার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| সহান | : | উপজেলা পরিষদ মিলনায়তন, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| তারিখ | : | ২৭-০৭-২০২২ খ্রি. |
| সময় | : | দুপুর ১১.০০ ঘটিকা। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট- ''ক'' এবং অনুপস্থিতি পরিশিষ্ট - ''খ'' এ দেখানো হলো। |

সভার প্রারম্ভে **হাতীবান্ধা উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দকে** শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয় এবং উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট-কে সভা পরিচালনার জ অনুরোধ জানানো হয়। উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট শুরুতে সদস্যগণকে স্বাগত জানান এবং তিনি গত ১৩-০৬-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পড়ে শুনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী থাকায় তা' সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরে তিনি উপজেলার বিভিন্ন বিভাগের কর্মকান্ডের অগ্রগতি সম্পর্কে আলোকপাত করার জন্য সভায় উপস্থিত দপ্তর প্রধান/প্রতিনিধিকে অনুরোধ জানান। সভায় নিম্নবর্ণিত বিভাগ/দপ্তরসমূহে বিষয়ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | উপজেলা পরিষদ কমিটি সমূহের সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১. | স্বাস্থ্য অধিদপ্তর | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট সভায় জানান যে, স্বাস্থ্য বিভাগের স্বাভাবিক কার্যক্রমের সাথে যথারীতি চলছে। তিনি এ উপজেলায় কোভিট-১৯ এর প্রকোপ শূন্যের কোটায়। জুন, ২০২২ মাস হতে এ পর্যন্ত ১,৮৫০ জনকে করোনার ভ্যাক্সিন দেয়া হয়েছে। আগামী মাস থেকে ৫-১২ বছর বয়স পর্যন্ত ছেলেমেয়েদের ভ্যাক্সিন দেয়া শুরু হবে। নভেম্বর, ২০২২ পর্যন্ত বুস্টার ডোজ দেয়া হবে। হাসপাতালে ফাইজারের টিকা দেয়া হচ্ছে। তিনি জনগণকে হাসপাতালে টিকা নেয়ার জন্য পাঠাতে জনপ্রতিনিধি মহোদয়গণকে অনুরোধ জানান। জেলার মধ্যে হাতীবান্ধায় সর্বোচ্চ টিকা দেয়া হয়েছে। দেশে মানকি পক্স এর প্রার্দুভাব দেখা দিয়েছে। নিরাময় হতে ৭-১০ দিন সময় লাগে। সতর্ক থাকতে হবে। পক্স আক্রান্ত রোগীকে জরুরিভিত্তিতে হাসপাতালে নিতে হবে। তিনি বধির এতিম শিশুদের সনদ প্রদানের ক্ষেত্রে বিশেষজ্ঞ চিকিৎসকের দ্বারা পরীক্ষা করতে হ মর্মে জানালে চেয়ারম্যান, সিংগীমারী ইউপি এ এলাকা হতদরিদ্র এলাকা হেতু বধির এতিম শিশুদের ক্ষেত্রে খালি চোখে দেখে সনদ প্রদানের ব্যবস্থা করা যায় কিনা তা বিবেচনায় আনয়নের অনুরোধ জানান। আলোচনান্তে স্বাস্থ্য বিভাগের স্বাভাবিক কার্যক্রমসহ অবৈধ উচ্ছেদ ও হতদরিদ্র এলাকা হেতু বধির এতিম শিশুদের ক্ষেত্রে খালি চোখে দেখে সনদ প্রদানের ব্যবস্থা করা যায় কিনা তা বিবেচনায় আনয়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায় নাই। | স্বাস্থ্য বিভাগের স্বাভাবিক কার্যক্রম পরিচালনাসহ সাস্থ্য বিভাগের অবৈধ দখল উচ্ছেদ করার প্রয়োজনীয় ব্যস্থা গ্রহণ করতে করে এবং হতদরিদ্র এলাকা হেতু বধির এতিম শিশুদের ক্ষেত্রে খালি চোখে দেখে সনদ প্রদানের ব্যবস্থা করা যায় কিনা তা বিবেচনায় আনয়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট |
| ২. | **পরিবার পরিকল্পনা অধিদপ্তর** | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। আলোচনান্তে উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের প্রকল্প বাস্তবায়নসহ গত সভার সিদ্ধান্তই বলবৎ রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | (১) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(২) যে সকল বিষয়ে কার্যক্রম মাসিক লক্ষ্যমাত্রার | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনির |

২৭/৭/২০২২

| | াগ/প্রতিষ্ঠান | আলোচনা | উপজেলা পরিষদ কমিটি সমূহের সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| | | | | চেয়ে কম অর্জিত হয়েছে সে সকল বিষয়ে লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করতে হবে। | |
| ৩. | **কৃষি বিভাগ** | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় কৃষি বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে মর্মে জানান। সভায় চেয়ারম্যানগণ কর্তৃক এ জেলায় এমওপি সারের সংকট আছে কিনা? বিষয়টি দেখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। তিনি বিষয়টি জেলা সার ও বীজ মনিটরিং কমিটিকে এমওপি সারের সংকটের বিষয়টি অবহিত করনে মর্মে সভাকে অবহিত করেন। আলোচনান্তে কৃষি বিভাগের গত সভার সিদ্ধান্ত পুনঃ বলবৎসহ এমওপি সারের সংকটের বিষয়টি জেলা সার ও বীজ মনিটরিং কমিটিকে অবহিত করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায় নাই। | (১) কৃষি উপর প্রনোদনা দেয়া এবং কৃষি বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ ইউনিয়ন পরিষদে দাপ্তরিকভাবে পরামর্শ কেন্দ্র স্থাপন করতে হবে।<br>২) সারে ভর্তুকিসহ উপসহকারী কৃষি কর্মকর্তাগণ মাঠে যাওয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>৩) এমওপি সারের সংকটের বিষয়টি জেলা সার ও বীজ মনিটরিং কমিটিকে অবহিত করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট |
| ৪. | **সমাজসেবা বিভাগ** | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তিরক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ফরম পুরণ করে জন্ম নিবন্ধন সনদ দাখিল করতে হবে। আগস্ট মাসের মাঝামাঝি সময়ে। ডাওয়াবাড়ী, সিংগীমারী ও গোতামারী ইতোমধ্যে আইডি কার্ড দিয়েছে। শেষ কিস্তি আগস্ট মাসের মধ্যে শেষ হবে। বড়খাতা ইউপি চেয়ারম্যান এ বিষয়ে অভিযোগ উত্থাপন করলে আলাদাভাবে সভা করে মুক্তিযোদ্ধা বীর নিবাস ও বিধবা ভাতা সম্পর্কে সমাধান করতে হবে মর্মে সভায় অভিমত প্রকাশ করা হয়। আলোচনান্তে বিকাশে বিধবাভাতাসহ অন্যান্য ভাতা পেমেন্টের অভিযোগ ও মুক্তিযোদ্ধা বীর নিবাসের যাচাই-বাছাই আলাদাভাবে সভা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | (১) উপজেলা সমাজসো বিভাগের কাজ সুষ্ঠুভাবে পরিচালনাসহ বিকাশের ত্রুটির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবেভায়।<br>(২) বিকাশে বিধবাভাতাসহ অন্যান্য ভাতা পেমেন্টের অভিযোগ ও মুক্তিযোদ্ধা বীর নিবাসের যাচাই-বাছাই আলাদাভাবে সভা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১)উপজেলা সমাজসেবা<br>হাতীবান্ধা, লালমনিরহাট<br>২)ইউনিয়ন পরিষদ চেয়া<br>(সকল) |
| ৫. | **মৎস্য অধিদপ্তর** | উপজেলা মৎস্য কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট সভায় জানান যে, মৎস্য সপ্তাহ চলছে। কারেন্ট জাল দিয়ে পোনা মাছ ধরা হচ্ছে যা মৎস্য সংরক্ষণ আইন অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। অভিযান/মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে কারেন্ট জাল জব্দ/ধ্বংস করার এবং প্রয়োজনে আইনের আওতায় এনে শাস্তির ব্যবস্থা করার জন্য তিনি উপজেলা প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেন। মৎস্য বিভাগের কাজ সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। আলোচনান্তে পূর্ববর্তী সভার সিদ্ধান্ত পুনঃ বলবৎ রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | কোন মাছ ব্যবসায়ী বা আড়তদার অবৈধ কারেন্ট জাল ক্রয়-বিক্রয়, পচা, খাবার অনুপযোগী মাছের ক্রয়-বিক্রয় করতে না পারেন সে লক্ষ্যে মাছ ব্যবসায়ী ও মৎস্যচাষীদের পরামর্শ প্রদান এবং আইন অমান্যকারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অভিযান পরিচালনা করতে হবে এবং মাছের পোনা সরবরাহসহ মৎস্য বিভাগের কাজ সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা<br>হাতীবান্ধা, লালমনিরহাট |
| ৬. | **প্রাণি সম্পদ অধিদপ্তর** | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় ২৫,৭৪৮ টি গবাদি পশুর মধ্যে প্রায় ২৩,০০০ গরু কোরবানী হয়েছে। এছাড়া ছাগল ও মোরগ-মুরগীও কোরবানী দেয়া হয়েছে। কোন সমস্যা হয়নি। তিনি সভায় জানান যে, উপজেলা প্রাণি সম্পদ বিভাগে একটি গাড়ী সররাহ পাওয়া গেছে। গাড়ীতে গবাদি পশুর চিকিৎসার সকল প্রকার স্ট্রুমেন্ট আছে। সেবা তরান্বিত হবে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আলোচনান্তে | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | ১) প্রাণিসম্পদ বিভাগের গৃহিত কর্মসূচিসমূহ সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে সরবরাহ প্রাপ্ত গাড়ীতে গবাদি পশুর চিকিৎসার সকল প্রকার স্ট্রুমেন্ট আছে। সেবা তরান্বিত করতে হবে। | ১) উপজেলা প্রাণি<br>কর্মকর্তা,<br>লালমনিরহাট। |

২৭/৭/২০২২

| | গ/প্রতিষ্ঠান | আলোচনা | উপজেলা পরিষদ কমিটি সমূহের সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| | **দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের ২০২১-২০২২ অর্থ বছর সমাপ্ত হয়েছে। ইটভাটা থেকে ইট না পাওয়ায় ১২টি বীর নিবাসের কার্যক্রম চলমান রয়েছে। ৮টির ছাদ ঢালাই হয়েছে। ৩টির কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। মনিনীয় এম.পি স্যারে অনুমোদন পেলে হস্তান্তর করা হবে। মাননীয় মহোদয় সংশোধনী পাঠান সে অনুযায়ী কার্যক্রম চলছে। গার্ডার ব্রিজের কাজ চলমান আছে। প্রকুরের গার্ড ভেঙ্গে গেছে। কিছু বস্তা ফেলে সংস্কার করতে হবে। মেরামত কাজ দ্রুততার সাথে করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়েছে। তিনি দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। আলোচনান্তে নতুন ও চলমান প্রকল্পসহ ক্ষতিগ্রস্ত অবকাঠামোসমূহ মেরামত/পুনঃনির্মাণের বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | ১) বীর নিবাসসহ নতুন ও চলমান প্রকল্পসহ ক্ষতিগ্রস্ত অবকাঠামোসমূহ মেরামত/পুনঃনির্মাণের বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।।<br>২) বন্যায় ক্ষতিগ্রস্থদের মধ্যে সিলিপের টাকা ও চাল বিতরণ অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন ক<br>হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ৮. | **প্রাথমিক শিক্ষা অধিদপ্তর** | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় উপিস্থত নেই। উপস্থিত প্রতিনিধি জানান যে, কালীগঞ্জ উপজেলা শিক্ষা অফিসার অতিরিক্ত দায়িত্বে আছেন। দাপ্তরিক কার্যাদিসহ বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। আলোচনান্তে উন্নয়ন প্রকল্পসহ অন্যান্য কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য উপজেলা শিক্ষা অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয় এবং পববর্তী সভার সিদ্ধান্তই বলবৎ রাখা হয়। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | (১) প্রাথমিক বিদ্যালয়ে গুণগত শিক্ষা নিশ্চিত করার পাশাপাশি বিদ্যালয় উন্নয়নসহ অন্যান্য কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য উপজেলা শিক্ষা অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।<br>(২) স্কুলসমূহ নিয়মিত পরিদর্শন করে প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা,<br>হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ৯. | **মহিলা বিষয়ক অধিদপ্তর** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিজিডি বাবদ কোন বরাদ্দ আসেনি। তিনি মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বরাদ্দ অনুযায়ী ট্রেনিং প্রোগ্রাম চলছে। কিশোর-কিশোরী ক্লাব আছে। আলোচনান্তে মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রম পরিচালনাসহ নিয়মিত সভা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রম পরিচালনাসহ নিয়মিত সভা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক<br>হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ১০. | **যুব উন্নয়ন বিভাগ** | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত। বিধায় যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। আলোচনান্তে যুব উন্নয়ন বিভাগের পূর্ববর্তী মাসের সিদ্ধান্ত বলবৎ রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | যুব উন্নয়ন বিভাগের কাজ সুষ্ঠুভাবে পরিচালনা করার নিমিত্ত উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন<br>হাতীবান্ধা, লালমনিরহাট। |

২৭/৭/২০২২

| ...াগ/প্রতিষ্ঠান | আলোচনা | উপজেলা পরিষদ কমিটি সমূহের সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | (১) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, হাতীবান্ধা, লালমনিরহাট সভায় জানান যে, তার দপ্তরের এডিপির অর্থ দ্বারা ৩য় প্যাকেজের কাজ চলছে। সীমানা প্রাচীর করতে হবে। ৩০ জুন, ২০২২ এর মধ্যে শেষ হবে। ২০টি স্কুলের মধ্যে ৭টি স্কুল নির্মাণ কাজ শেষ হয়েছে। ৫টি স্কুলের কাজ চলমান রয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি প্রকল্প এ মাসের মধ্যে জমা দেয়ার অনুরোধ জানান। সানিয়াজান ইউপি হতে বড়খাতা মুনা রাস্তদা চলাচলের অনুপযোগী। মাটির কাজ করা যাবে না। আগামী পনের দিনের মধ্যে কাজ করে দিবেন মর্মে তিনি জানান। শাহ গরীবুল্ল্যা ঈদগাহ মাঠের জলাবদ্ধতা নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। টংভাঙ্গা ইউপি চেয়ারম্যান ৪০ ফিট পাইপ বসানো, মাটি ভরাট ও পানি নিষ্কাশনের ব্যবস্থা করতে অনুরোধ জানান। তিনি পুনরায় এডিপির তালিকা দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। আলোচনান্তে প্রকৌশল বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা এবং সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, হাতীবান্ধা, লালমনিরহাটকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | (১) প্রকৌশল বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।<br>(২) ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি প্রকল্প আগামী মাসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষ রাবর জমা দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, এ... হাতীবান্ধা, লালমনিরহা... সকল। |
| | **(২) এডিপি'র কার্যক্রম বাস্তবায়ন :** উপজেলা প্রকৌশলী, হাতীবান্ধা সভায় জানান যে, এডিপি খাতে ২০২১-২২ অর্থবছরে স্থানীয় সরকার বিভাগ হতে হাতীবান্ধা উপজেলার অনুকূলে বরাদ্দকৃত অর্থে গৃহিত প্রকল্পসমূহের মধ্যে অধিকাংশ প্রকল্প বাস্তবায়িত হয়েছে এবং বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়নে করা হবে মর্মে সভায় জানান। আলোচনান্তে এডিপি ২০২১-২২ অর্থবছরে গৃহীত ও অনুমোদিত প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি প্রকল্প আগামী মাসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষ রাবর জমা দেয়ার সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | -- | (২) এডিপি ২০২১-২২ অর্থবছরে গৃহীত ও অনুমোদিত প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি প্রকল্প আগামী মাসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষ রাবর জমা দেয়ার জন্য অনুরোধ জানানো হয়। | (১) চেয়ারম্যান, উপজেল... হাতীবান্ধা, লালমনিরহা...<br>(২) উপজেলা নির্বাহী অ... হাতীবান্ধা, লালমনিরহা...<br>(৩)উপজেলা ... হাতীবান্ধা, লালমনিরহা... |
| | **(৩) ইউনিয়ন পরিষদ ভবন মেরামত/ সংস্কারঃ** সভায় মেরামত/ সংস্কারযোগ্য ইউনিয়ন পরিষদের তথ্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার জন্য ১০/০৮/২০২১খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.১৮.০২.০০০১.১৯.২৬ নং স্মারকে অনুরোধ জানানো হয়েছে মর্মে উপজেলা প্রকৌশলী সভায় উল্লেখ করেন। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী বলেন মেরামত/সংস্কারযোগ্য ইউনিয়ন পরিষদসমূহের প্রাক্কলন প্রস্তুত করত: জেলা প্রশাসক মহোদয় বরাবর অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার এর মাধ্যমে মেরামত/ সংস্কারযোগ্য ইউনিয়ন পরিষদ সমূহের প্রাক্কলনসহ প্রতিবেদন জেলা প্রশাসক, লালমনিরহাট মহোদয় বরাবর অনুমোদনের জন্য প্রেরণ করার হয়েছে। | -- | মেরামত/সংস্কারযোগ্য ইউনিয়ন পরিষদ সমূহের প্রাক্কলন প্রস্তুত করত: জেলা প্রশাসক মহোদয় বরাবর অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার এর মাধ্যমে মেরামত/ সংস্কারযোগ্য ইউনিয়ন পরিষদ সমূহের প্রাক্কলনসহ প্রতিবেদন জেলা প্রশাসক, লালমনিরহাট মহোদয় বরাবর অনুমোদনের জন্য প্রেরণ করার হয়েছে। অনুমোদনসহ বরাদ্দ পাওয়া গেলে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | (১) উপজেলা নির্বাহী অ... হাতীবান্ধা, লালমনিরহা...<br>(২) উপজেলা প্রকৌশলী... হাতীবান্ধা, লালমনিরহা... |

২১/৭/২০২২

| ...াগ/প্রতিষ্ঠান | | আলোচনা | উপজেলা পরিষদ কমিটি সমূহের সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| | ক) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প (২০২১-২২) অনুমোদন ও পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অন্তর্ভুক্তিঃ**<br>উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান যে, জিওবি ও জাইকার সহায়তায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অত্র উপজেলার অনুমোদিত ০১টি উপ-প্রকল্পের মধ্যে ০১টি প্যাকেজের অবকাঠামো উপ-প্রকল্প INF-2018-19-555233-01, উপ প্রকল্পটির (১. সারডুবি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের (৬ষ্ঠ শ্রেণি-৮ম শ্রেণির) কক্ষ নির্মাণ ও নওদাবাস ইউনিয়নের শালবনে আরসিসি রাস্তা নির্মাণ কাজ ঠিকাদার কর্তৃক সম্পন্ন হয়েছে। উপ-প্রকল্পটির কাজ ডিজাইন, প্রক্কলন ও স্পেসিপিকেশন অনুযায়ী সম্পন্ন হয়েছে। বিস্তারিত আলোচানান্তে প্রকল্পের ঠিকাদার কর্তৃক আবেদনকৃত ভ্যাট ও আইটি বাদে মোট ২১,৯৬,০০০/-(একুশ লক্ষ ছিয়ানব্বই হাজার) টাকার সমুদয় বিল সংশ্লিষ্ট ঠিকাদার প্রতিষ্ঠানের অনুকূলে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | -- | ১) প্রকল্পের ঠিকাদার কর্তৃক আবেদনকৃত ভ্যাট ও আইটি বাদে মোট ২১,৯৬,০০০/-(একুশ লক্ষ ছিয়ানব্বই হাজার) টাকার সমুদয় বিল সংশ্লিষ্ট ঠিকাদার প্রতিষ্ঠানের অনুকূলে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২) বিলসমূহ প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) বরার প্রেরণেষর জন্য উপজেলা নির্বাহী অফিসারকে দায়িত্ব প্রদান করা হয়। | (১)উপজেলা নির্বাহী অফি... হাতীবান্ধা, লালমনির...<br>(২) উপজেলা প্রকৌশলী হাতীবান্ধা, লালমনির...<br>(৩) ইউডিএফ, ইউজিডি... হাতীবান্ধা, লালমনির... । |
| | খ) ইউআইসিডিপি | ইউআইসিডিপি'র প্রতিনিধি কর্তৃক উপজেলা বার্ষিক পরিকল্পনা ২০২১-২২ এর বার্ষিক পরিবীক্ষণ প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয় এবং সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এছাড়া খসড়া বার্ষিক পরিকল্পনা ২০২২-২০২৩ উপজেলা পরিষদ সভায় উপস্থাপিত হয় এবং এ বিষয়ে সকলের মতামত আহ্বান করা হয়। | | উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের খসড়া বার্ষিক পরিকল্পনার উপর মতামত প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | ডিএফ, হাতীবান্ধা, লালম... |
| ১৩. | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, উপজেলা জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রমের অগ্রগতি সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। চলতি বছরে পাবলিক টয়লেট বাবদ প্রাপ্ত ৮০ লক্ষ টাকা বরাদ্দের অর্থ দ্বারা মাননীয় এম.পি মহোদয়ের তালিকা মোতাবেক যে চেয়ারম্যান সাহেব জায়গার তালিকা দিবেন তার অনুকূলে পাবলিক টয়লেট তৈরী করে দেয়া হবে। ওয়ার্ক অর্ডার অনুযায়ী ১৭ ওয়ার্ডে কাজ হবে। ৭টিতে ও ১০ টিতে ধিরিত কাজগুলো করা হবে। টংভাঙ্গা ও সিংগীমারীতে মাননীয় এমপি মহোদয়ের নির্দেশক্রমে কাজ হয়েছে। চেয়ারম্যান মহোদয়গণ তালিকা দিলে সেগুলো করা হবে মর্মে তিনি সভায় জানান। আলোচনান্তে উক্ত জনস্বাস্থ্য বিভাগের পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বলবৎ রাখাসহ মাননীয় এম.পি মহোদয়ের তালিকা মোতাবেক যে চেয়ারম্যান সাহেব জায়গা দিবেন তার অনুকূলে পাবলিক টয়লেট তৈরী করে দেয়া হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | ১) উপজেলা জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য এবং কমিটির সভা নিয়মিত অনুষ্ঠান করতে হবে।<br>২) মাননীয় এম.পি মহোদয়ের তালিকা মোতাবেক যে চেয়ারম্যান সাহেব জায়গা দিবেন তার অনুকূলে পাবলিক টয়লেট তৈরী করে দেয়া হবে। | ১) উপ-সহকারী প্রকৌশ... জনস্বাস্থ্য, হাতীবান্ধা, লালমনিরহাট।<br>২) সংশ্লিষ্ট ইউপি চেয়ার... |
| ১৪. | **সমবায় বিভাগ** | উপজেলা সমবায় কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট সভায় অনুপস্থিত বিধায় সমবায় বিভাগের কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানা গেল না। আলোচনান্তে উক্ত সমবায় বিভাগের পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বলবৎ রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | -উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | সমবায় বিভাগের কাজ সুষ্ঠুভাবে পরিচালনাসহ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ ও অনুমোদন করা হয়। | উপজেলা সমবায় কর্মক... হাতীবান্ধা, লালমনিরহা... |
| ১৫. | **পল্লী উনন্নয়ন বিভাগ** | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট সভায় অনুপস্থিত বিধায় পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানা গেল না। আলোচনান্তে উক্ত পল্লী উন্নয়ন বিভাগের পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বলবৎ রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কাজ সুষ্ঠুভাবে পরিচালনাসহ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ ও অনুমোদন করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন... হাতীবান্ধা, লালমনিরহা... |
| ১৬. | **বন বিভাগ** | ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র, হাতীবান্ধা, লালমনিরহাট বলেন যে, বন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য উদ্যোগ গ্রহণ করেছেন। বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণসহ তিনি সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানান। আলোচনান্তে উক্ত বন বিভাগের পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বলবৎ | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | বন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার এবং কমিটির সভা নিয়মিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ফরেস্টার, উপজেলা ব... নার্সারী কেন্দ্র, হাতী... লালমনিরহাট |

| | ভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | উপজেলা পরিষদ কমিটি সমূহের সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| | | রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | | | |
| ১৭. | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, মাধ্যমিক শিক্ষা বিভাগের কাজ সুষ্ঠুভাবে পরিচালনাসহ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠান হচ্ছে। তিনি বিদ্যালয়ে ছাত্র/ছাত্রীদের উপস্থিতি কম মর্মে সভায় জানান যে, শিক্ষার্থীগণকে স্কুলে আসতে বাধা প্রদান করা হলে স্কুল কমিটিকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হবে। আলোচনান্তে উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রমের অগ্রগতিতে সকলের আন্তরিক সহযোগিতা থাকবে মর্মে সভায় সদস্যবৃন্দ একমত প্রকাশ করেন। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | মাধ্যমিক শিক্ষা বিভাগের কাজ সুষ্ঠুভাবে পরিচালনাসহ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা ক<br>হাতীবান্ধা, লালমনিরহাট। |
| ১৮. | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হাতীবান্ধা, লালমনিরহাট সভায় বলেন যে, বিবেচ্যমাসে ১১ মেট্রিক টন চাল বিতরণ করা হয়েছে। পর্যাপ্ত ধান ও চাল মজুদ আছে। খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় উদ্যোক্তাদের প্রশিক্ষণ দেয়া হচ্ছে। চেয়ারম্যানগণ এলএসডি গোডাউনকে এমন একটি চক্রের হাতে দেয়া হয়েছে যাতে করে বস্তাপ্রতি ধান ও চালের ওজন কম পাওয়া যাচ্ছে। এ বিষয়টির সমাধানের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। তিনি বিষয়টি যাচাই করে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়াসহ কার্যক্রম পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | খাদ্য বিভাগের কাজ সুষ্ঠুভাবে পরিচালনাসহ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য এবং ধান ও চালের ওজন কম হওয়ার বিষয়টি যাচাই করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্র<br>হাতীবান্ধা, লালমনির |
| ১৯. | হাট-বাজার ব্যবস্থাপনা | উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা বলেন বাংলা ১৪২৯ সনে হাতীবান্ধা উপজেলার ১৬টি হাট-বাজারের মধ্যে এ পর্যন্ত ১৩টি হাট-বাজার ইজারা/দরপত্র অনুমোদিত হয়েছে। অনুমোদিত ১৩ টি হাট ও বাজারের মধ্যে ১১টি হাট ও বাজার যথাক্রমে ১) বড়খাতা হাট ও বাজার ২) নওদাবাস হাট ৩) কেতকীবাড়ীহাট ৪) দিঘীরহাট ৫) ভেলাগুড়ি কাশিম বাজার ৬) বোর্ডস্কুল হাট ৭)দইখাওয়া হাট, ৮) জাওরানীহাট ৯) হাতীবান্ধাহাট ও বাজার ১০) পারুলিয়া হাট ও বাজার ১১) শহীদ মুক্তিযোদ্ধা বাজার ইজারামূল্যের অবশিষ্ট টাকাসহ ভ্যাট ও আয়কর পরিশোধ করায় চুক্তিনামা সম্পাদনান্তে ইজারা প্রদান করা হয়েছে। দরপত্র না পাওয়ায় (১) গড্ডিমারীহাট ও (২) গেন্দুকুড়ি হাটের খাস আদায় চলছে। এছাড়া অনুমোদিত দরপত্র দাতা ইজারার অবশিষ্ট টাকা পরিশোধ না করায় (১) ডাকালীবান্ধা হাট, (২) মিলন বাজার ও (৩) চেতনারহাট খাস আদায়ের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে সংশ্লিষ্ট ইউনিয়নভুক্ত হাট-বাজারসমূহে খাস আদায় কার্যক্রম তদারকি করার জন্য অনুরোধ জানান। আলোচনান্তে অনুমোদিত দরদাতা ইজারার অবশিস্ট অর্থ জমা না দিলে তার জামানত বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | -- | ১) যে সকল হাট-বাজারের খাস আদায় কার্যক্রম চলমান সে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে খাস আদায় কাজে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়।<br>২) অনুমোদিত দরদাতা ইজারার অবশিণ্ট অর্থ জমা না দিলে তার জামানত বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। চেয়ারম্যান, উপজো প<br>২। উপজেলা নির্বাহী অফি<br>হাতীবান্ধা, লালমনিরহ<br>৩। চেয়ারম্যান, ইউনিয়ন<br>(সকল)। |
| ২০. | বিবিধ | | | | |
| | | **(০১) উপজেলা পরিষদের ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়নঃ** উপজেলা নির্বাহী অফিসার বলেন উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা গৃহীত ও অনুমোদিত হয়েছে। তিনি অনুমোদিত পরিকল্পনা অনুযায়ী উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন এবং সকল সদস্যকে পরিকল্পনা বাস্তবায়নে আন্তরিক ও সক্রিয় থাকার অনুরোধ জানান। | -- | হাতীবান্ধা উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থবছরে অনুমোদিত পরিকল্পনা মোতাবেক কার্যক্রম গ্রহণ ও বাসন্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সর্বাত্মক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। | (১) চেয়ারম্যান, উপজেলা প<br>হাতীবান্ধা, লালমনিরহাট<br>(২) উপজেলা নির্বাহী অ<br>হাতীবান্ধা, লালমনিরহাট<br>(৩) অন্যান্য সংশিস্নষ্ট স |
| | | **(০২) উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে জলাবদ্ধতা নিরসনকল্পে প্রকল্প গ্রহণ এবং জরুরি মেরামত ও সংস্কার কাজের প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন:**<br>উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি কর্তৃক বিভিন্ন ইউনিয়নে জলাবদ্ধতা | | বিভিন্ন ইউনিয়নে জলাবদ্ধতা নিরসনকল্পে পাইপ সরবরাহের নিমিত্ত এবং উপজেলা পরিষদ মসজিদের কিছু জরুরি মেরামত/সংস্কার কাজ | (১) চেয়ারম্যান, উপজেলা<br>হাতীবান্ধা, লালমনিরহাট<br>(২) উপজেলা নির্বাহী অ |

২১/৭/২০২২

| গ/প্রতিষ্ঠান | আলোচনা | উপজেলা পরিষদ কমিটি সমূহের সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | নিরসনকল্পে পাইপ সরবরাহের নিমিত্ত উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে গৃহিত প্রকল্প এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক গৃহিত উপজেলা পরিষদ মসজিদের কিছু জরুরি মেরামত/সংস্কার কাজ এবং বনচৌকি ঈদগাহ মাঠ হতে বনচৌকি আশ্রয়ণের যাওয়ার রাস্তা অতিবৃষ্টিতে ক্ষতিগ্রস্থ অংশ মেরামত প্রকল্পের কাজ ইতোমধ্যে প্রাক্কলন অনুযায়ী বিধিমতে সম্পন্ন হয়েছে। আলোচনান্তে উল্লিখিত কাজগুলো বিধি মোতাবেক সম্পাদন হওয়ায় বিল প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | | এবং বনচৌকি ঈদগাহ মাঠ হতে বনচৌকি আশ্রয়ণের যাওয়ার রাস্তা অতিবৃষ্টিতে ক্ষতিগ্রস্থ অংশ মেরামত কাজ বিধি মোতাবেক সম্পন্ন হওয়ায় বিল প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | হাতীবান্ধা, লালমনিরহা |
| | **(০৩) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের বক্তব্য/ সুপারিশ**<br>চেয়ারম্যান, গোতামারী ইউনিয়ন পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট দইখাওয়া হাটে সেডঘর নির্মাণ ও সংস্কার প্রকল্প (২) চেয়ারম্যান, টংভাঙ্গা ইউপি (ক) গেন্দুকুড়ি বাজারে ড্রেন নির্মাণ এবং শৌচাগার নির্মাণকরণ (খ) ডাকালীবান্ধা বাজারে পারি নিষ্কাশনের জন্য ড্রেণ নির্শাণ এবং সেডঘর নিমাণণ প্রকল্প এবং চেয়ারম্যান, গড্ডিমারী ইউনিয়ন পরিষদ তার ইউনিয়ন পরিষদের সামনে পুকুরটি ভরাট ও মার্কেট নির্মাণের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে এবং মাননীয় এম.পি বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ মোতাহার হোসেন বরাবর বরাদ্দ চেয়ে আবেদন করার সিদ্ধান্ত সভায় উপস্থাপন করা হয়। হাট ও বাজার উন্নয়ন খাত হতে দইখাওয়াহাট, টংভাঙ্গা হাটের উন্নয়নে প্রকল্প গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ সভায় সিদ্ধান্ত হয়। উক্ত সিদ্ধান্তের কার্যবিবরণী দাখিল করেন। আলোচনান্তে হাট-বাজারের উন্নয়নে কমিটির সিদ্ধান্ত অনুমোদনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। আলোচনান্তে ইউনিয়ন পরিষদের উল্লিখিত হাট ও বাজারের উন্নয়ন প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | -- | চেয়ারম্যান, গোতামারী ইউনিয়ন পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট দইখাওয়া হাটে সেডঘর নির্মাণ ও সংস্কার প্রকল্প (২) চেয়ারম্যান, টংভাঙ্গা ইউপি (ক) গেন্দুকুড়ি বাজারে ড্রেন নির্মাণ এবং শৌচাগার নির্মাণকরণ (খ) ডাকালীবান্ধা বাজারে পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ এবং সেডঘর নির্মাণ প্রকল্প হাট-বাজার-রক্ষাবেক্ষণ তহবিল দ্বারা এবং চেয়ারম্যান, গড্ডিমারী ইউনিয়ন পরিষদ তার ইউনিয়ন পরিষদের সামনে পুকুরটি ভরাট ও মার্কেট নির্মাণের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে এবং মাননীয় এম.পি বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ মোতাহার হোসেন বরাবর বরাদ্দ চেয়ে দাখিলকৃত আবেদন অনুমোদিত হয়। | ১) উপজেলা নির্বাহী অ<br>হাতীবান্ধা, লালমনিরহা<br>২) উপজেলা প্রকৌশলী,<br>এলজিইডি<br>৩) সংশ্লিষ্ট ইউপি চেয়া |
| | **(০৪) ডাউয়াবাড়ী, সিঙ্গিমারী ও ভেলাগুড়ি ইউনিয়ন পরিষদের মহল্লাদারের শূন্যপদ পুরণঃ** উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বলেন গত সভার সিদ্ধান্ত ডাউয়াবাড়ী, সিংগীমারী এবং ভেলাগুড়ি ইউনিয়ন পরিষদের ১ জন করে মহল্লাদার এর শূন্যপদে নিয়গের জন্য বিজ্ঞপ্তি জারী করা হয়। প্রাপ্ত আবেদনপত্র যাচাই বাছাই অন্তে লিখিত, শারীরিক ও মৌখিক পরীক্ষার জন্য দিন ধার্য করা হয়। অনিবার্য কারণ বশত: নিয়োগ কার্যক্রমটি স্থগিত ছিল। ইতোমধ্যে পুনঃ বিজ্ঞপ্তি জারী হওয়ায় সিংগীমারী ইউপি হতে ৩টি, ডাওয়াবাড়ী হতে ৫টি ও ভেলাগুড়ি হতে ২টি মোট ১০ (দশ)টি আবেদনপত্র পাওয়া যায় যা জন্ম সনদ যাচাইয়ের জন্য সংশ্লিস্ট ইউপি এবং জাতীয় পরিচয়পত্র যাচাইয়ের জন্য উপজেলা নির্বাচন অফিসার, হাতীবান্ধা এর নিকট পেন্ডিং আছে। প্রতিবেদন পাওয়া মাত্র শীঘ্রই নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে। | -- | সিংগীমারী, ডাউয়বাড়ী এবং ভেলাগুড়ি ইউনিয়নের মহল্লাদারের শূন্যপদ পূরণের লক্ষ্যে জরুরিভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (১) উপজেলা নির্বাহী অ<br>হাতীবান্ধা, লালমনি<br>(২) সংশ্লিষ্ট ইউপি চেয়া |
| | **(০৫) জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বাস্তবায়নঃ** উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট জন্ম-মৃত্যু নিবন্ধনের ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার আহবান জানান। তিনি বলেন জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য নিবন্ধক হিসেবে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সচিবের গুরত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এলাকায় শতভাগ জন্ম ও মৃত্যু যাতে ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে, সকল ইউনিয়নে লক্ষ্যমাত্রা এবং পরিদর্শক নিয়োগ করা হয়েছে, গ্রাম পুলিশদের বেশি করে সম্পৃক্ত করতে হবে এবং জন্ম হলে অভিনন্দন পত্র এবং মৃত্যু হলে শোকবার্তা প্রেরণ করার জন্যও তিনি ইউনিয়ন | -- | সংশ্লিষ্ট সকলের অংশ গ্রহণ ও সহযোগিতার মাধ্যমে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ এবং এতদসংক্রান্ত জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা ২০১৮ মোতাবেক জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিস<br>হাতীবান্ধা, লালমনিরহা<br>সকল ইউপি চেয়ারম্যান<br>সকল। |

| | ...ভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | উপজেলা পরিষদ কমিটি সমূহের সুপারিশ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| | | পরিষদ চেয়ারম্যান ও সচিবগণকে অনুরোধ জানান। তিনি জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ এবং এতদসংক্রান্ত জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা ২০১৮ মোতাবেক জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক সকল কাজ পরিচালনার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | | | |
| | | **(০৬) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধকৃত বিভিন্ন বিলের ব্যয়োত্তর অনুমোদন :** উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট সভায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল দ্বারা পরিশোধকৃত নিম্নবর্ণিত বিল সমূহের ব্যয়োত্তর অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন:- (বিলের তালিকা নিচের সারণিতে) | -- | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল দ্বারা পরিশোধকৃত বিলগুলোর ব্যয়োত্তর অনুমোদন প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ ও অনুমোদন করা হয়। | ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ হাতীবান্ধা, লালমনিরহাট<br>২) উপজেলা নির্বাহী অফিসার হাতীবান্ধা, লালমনিরহাট<br>৩) উপজেলা প্রকৌশলী, এলজিইডি হাতীবান্ধা, লালমনিরহাট। |

| ক্রঃ | বিলের বিবরণ | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | উপজেলা পরিষদ চেয়ারম্যানের জুন, ২০২২ মাসের সম্মানীভাতা প্রদান | ৪০,০০০/- | |
| ২. | উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের জুন, ২০২২ মাসের সম্মানীভাতা প্রদান | ২৭,০০০/- | |
| ৩. | উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের জুন, ২০২২ মাসের সম্মানীভাতা প্রদান | ২৭,০০০/- | |
| ৪. | উপজেলা পরিষদে মাষ্টাররোলে কর্মরত দুইজন অফিস সহায়ক জুন, ২০২২ মাসের পালিশ্রমিক ভাতা | ৩২,৫৫০/- | |
| ৫. | উপজেলা পরিষদের ক্যাম্পাস পরিস্কার - পরিচ্ছন্নতার জুন, ২০২২ মাসের মজুরী | ৬,০০০/- | |
| ৬. | উপজেলা পরিষদ চেয়ারম্যানের জুন, ২০২২ মাসের দৈনিক ভাতা | ১৭,৫০০/- | |
| ৭. | উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের জুন, ২০২২ মাসের দৈনিক ভাতা | ১০,৫০০/- | |
| ৮. | উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের জুন, ২০২২ মাসের দৈনিক ভাতা | ১০,৫০০/- | |
| ৯. | উপজেলা পরিষদের জুন, ২০২২মাসের আপ্যায়ন ব্যয় | ৩০,০০০/- | |
| ১০. | উপজেলা পরিষদের জুন, ২০২২ মাসের আনুষঙ্গিক ব্যয় | ৫,০০০/- | |
| ১১. | উপজেলা পরিষদের জুন, ২০২২ মাসের ইন্টারনেট বিল বাবদ ব্যয় | ১,৫০০/- | |
| ১২. | উপজেলা পরিষদের জুন ২০২২ মাসের পেপার বিল বাবদ ব্যয় | ৬২০/- | |
| ১৩. | উপজেলা পরিষদের ক্যাম্পাসের নিরাপত্তা বাবদ আনসার সদস্যের জুন ২০২২ মাসের মজুরী | ৭,৫০০/- | |

27/9/2022

| | | | | |
|---|---|---|---|---|
| | **(০৭)** উপজেলা পরিষদের সংশ্লিষ্ট স্থায়ী কমিটি গঠন : উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা পরিষদের গত মাসিক সভায় উপজেলা পরিষদের সংশ্লিষ্ট স্থায়ী কমিটির মেয়াদ শেষ হওয়ায় নতুন কমিটি গঠন করা হয়েছে। সভাগুলো নিয়মিত করার সিদ্ধান্ত বলবৎ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | -- | উপজেলা পরিষদের সংশ্লিষ্ট স্থায়ী কমিটির মেয়াদ শেষ হওয়ায় নতুন কমিটি গঠন করা হয়েছে। সভাগুলা নিয়মিত করার সিদ্ধান্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | (১) ভাইস চেয়ারম্যান/ম<br>চেয়াম্যান, উপজেলা পরি<br>(২) সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরস |
| | **(০৮) মাসিক সভায় কার্যপত্র দাখিল :** উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা পরিষদের মাসিক সভায় কোন বিষয় আলোচনা করতে হলে তা কার্যপত্র আকারে দাখিল করার বিধান আছে। কার্যপত্রে আলোচনার বিষয়, বিষয় সম্পর্কে কার্যপত্র দাখিলকারীর সুস্পষ্ট বক্তব্য/আলোচনা এবং প্রস্তাবিত সিদ্ধান্ত উল্লেখ করতে হবে। তিনি সভার সকল সদস্যকে পরবর্তী সভাসমূহ অনুষ্ঠানের তারিখের পূর্বেই উপজেলা পরিষদে কার্যপত্র দাখিল করার জন্য অনুরোধ জানান। এ বিষয়ে সভায় ব্যাপক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ ও অনুমোদন করা হয়। | -- | বিধি মোতাবেক সভার কার্যবিবরণীতে কোন আলোচনা অন্তর্ভুক্ত করার জন্য অবশ্যই কার্যপত্র দাখিল করতে হবে অন্যথায় কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত হবে না মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ ও অনুমোদন করা হয়। | সংশ্লিষ্ট সকল বিভাগ/দপ্ত |
| | **(০৯) সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণপূর্বক** উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটি (স্ট্যান্ডিং কমিটি) এর সভার নতুন কমিটি গঠন না হওয়ায় এবং উল্লিখিত স্থায়ী কমিটি (স্ট্যান্ডিং কমিটি) এর সভাগুলো নিয়মিত অনুষ্ঠিত না হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন। তিনি পরবর্তী মাস থেকে স্থায়ী কমিটি (স্ট্যান্ডিং কমিটি) এর সভাগুলো নিয়মিত অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবগণকে অনুরোধ জানান। আলোচনান্তে উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটি (স্ট্যান্ডিং কমিটি) এর সভার নতুন কমিটি পুনর্গঠন করার এবং উল্লিখিত স্থায়ী কমিটি (স্ট্যান্ডিং কমিটি) এর সভাগুলো নিয়মিত অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহিত হয়। | -- | উপজেলা পরিষদের বিভাগ/দপ্তর ভিত্তিক স্থায়ী কমিটি (স্ট্যান্ডিং কমিটি) এর সভার নতুন কমিটি পুনর্গঠন করার এবং উল্লিখিত স্থায়ী কমিটি (স্ট্যান্ডিং কমিটি) এর সভাগুলো নিয়মিত অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফি<br>হাতীবান্ধা, লালমনির<br>২) স্থায়ী কমিটি (স্ট্যান্ডিং<br>এর সদস্য-সচিবগণ |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোছাঃ জেসমিন নাহার)
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
হাতীবান্ধা, লালমনিরহাট।